



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৮৪৬

তারিখঃ ১৯/০৯/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

‘ফিজিক্যাল ভেরিফিকেশন এন্ড ইভ্যালুয়েশন অব নন-কারেন্ট এ্যসেটস, ইনভেন্টরিজ এন্ড রিভিউ এন্ড রিকনসিলিয়েশন অব গ্র্যান্টস এন্ড আদার ফান্ডস অব ঢাকা ওয়াসা’ শীর্ষক ইনসেপশন রিপোর্টের উপর কর্মশালা অনুষ্ঠিত




রবিবার, ১৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখে স্থানীয় একটি হোটেলে ‘ফিজিক্যাল ভেরিফিকেশন এন্ড ইভ্যালুয়েশন অব নন-কারেন্ট এ্যসেটস, ইনভেন্টরিজ এন্ড রিভিউ এন্ড রিকনসিলিয়েশন অব গ্র্যান্টস এন্ড আদার ফান্ডস অব ঢাকা ওয়াসা’ শীর্ষক ইনসেপশন রিপোর্টের উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সচিব (অবঃ) জনাব মাহবুব আহমেদ।

হুসাইন ফারহাদ এন্ড কোঃ, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস এর দুইজন প্রতিনিধি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কর্মপদ্ধতি তুলে ধরেন। এরপর কর্মশালায় আমন্ত্রিত মূল আলোচক ডঃ জামাল উদ্দিন আহমেদ, এফসিএ, প্রাক্তন সভাপতি, আইসিএবি ইনসেপশন রিপোর্টের মূল বিষয়বস্তু তুলে ধরেন।

সন্মানিত প্রধান অতিথি জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী তাঁর বক্তব্যে ঢাকা ওয়াসার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন। এ প্রেক্ষাপটে ‘ওয়াসা অ্যাক্ট-১৯৯৬’ নিয়ে একটি প্রানবস্ত আলোচনার অবতারণা করেন। মূলতঃ এ আইনটি ঢাকা ওয়াসার বর্তমান ব্যবস্থাপনার সাফল্যের পিছনে বড় ভূমিকা রেখেছে।

ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি 'ওয়াসা অ্যাক্ট-১৯৯৬' এর জাতীয় সংসদের অনুমোদনের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সাহসী পদক্ষেপকে ঢাকা ওয়াসা'র বর্তমান সাফল্যের অগ্রযাত্রায় মাইলফলক হিসেবে চিহ্নিত করেন।

পরিশেষে, কর্মশালায় আগত বিভিন্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও পেশাজীবী চার্টার্ড একাউন্টেন্টদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।


২২/১১/২০২৩

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।